

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
পার-৪ অধিশাখা।
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৪৫.১৫.০০৮.১৬

তারিখঃ .০১.২০২০ খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরি মেডিসিন এন্ড রেফারেল সেন্টারের জন্য রাজস্বখাতে অস্থায়ীভাবে পদ সৃজন।

আদিষ্ট হয়ে ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরি মেডিসিন এন্ড রেফারেল সেন্টারের জন্য ২০১৯-২০২০ অর্থ বছরে ক্যাডার বহির্ভূত ৪৬টি পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজনে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

২। পদগুলো নিম্নরূপঃ

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | জাতীয় বেতন স্কেল/২০১৫ | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---------|---------------------------------------|-----------|---------------------------|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | সহকারী প্রোগ্রামার | ০১ | ২২০০০-৫৩০৬০/- গ্রেড-৯ | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিলের ক্রমিক-১৪ অনুযায়ী। |
| ২ | সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার | ০১ | ২২০০০-৫৩০৬০/- গ্রেড-৯ | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিলের ক্রমিক-১৬ অনুযায়ী। |
| ৩ | বায়োমেডিকেল ইঞ্জিনিয়ার | ০১ | ২২০০০-৫৩০৬০/- গ্রেড-৯ | ৬৭% সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ (ক) সরকার স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে এমএসসি ইন বায়ো-মেডিকেল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী/সমমান ডিগ্রী যাহা ইউনিভার্সিটি গ্রান্ট কমিশন (ইউজিসি) কর্তৃক স্বীকৃত এবং (খ) মেডিকেল ও বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিজ্ঞানের মানব শরীরে প্রয়োগ, নিরাপত্তা ও এর উপযোগিতা সম্বন্ধে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান থাকতে হবে। ৩৩% পদোন্নতির মাধ্যমেঃ উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রো-মেডিকেল/বায়োমেডিকেল পদে ন্যূনতম ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ৪ | ক্যাটালগার | ০১ | ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪ | সরাসরি নিয়োগঃ সরকার স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে লাইব্রেরী সায়েন্সে স্নাতক ডিগ্রী/সমমানের ডিগ্রীসহ লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমা; (খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষ। |
| ৫ | প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন, শিক্ষা) | ০১ | ১৬০০০-৩৮৬৪০/- গ্রেড-১০ | ২০% সরাসরি নিয়োগঃ (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনপক্ষে দ্বিতীয় শ্রেণির/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী/সমমান; এবং (খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষ। ৮০% পদোন্নতির মাধ্যমেঃ প্রধান সহকারী/স্টাফ লিপিকার কাম কম্পিউটার অপারেটর/কম্পিউটার অপারেটর পদে ন্যূনতম ৭ (সাত) বৎসরের চাকরি। |



| | | | | |
|----|---|----|---------------------------|--|
| ৬ | ডক্‌মান সহকারী | ০১ | ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪ | ৬৭% সরাসরি নিয়োগঃ (ক) সরকার স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনপক্ষে স্নাতক ডিগ্রী/ সমমানের ডিগ্রী; এবং (খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষ। ৩৩% পদোন্নতির মাধ্যমেঃ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/হিসাব সহকারী পদে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৭ | মেডিকেল টেকনোলজিস্ট | ০৮ | ১২৫০০-৩০২৩০/- গ্রেড-১১ | সরাসরি নিয়োগঃ সরকার স্বীকৃত বোর্ড হতে এমএসসি পাশের পর সরকার স্বীকৃত ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনপক্ষে ৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা। |
| ৮ | হিসাব রক্ষক | ০১ | ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪ | ৬৭% সরাসরি নিয়োগঃ (ক) সরকার স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী/ সমমানের ডিগ্রী; এবং (খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষ। ৩৩% পদোন্নতির মাধ্যমেঃ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/হিসাব সহকারী পদে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৯ | হিসাব সহকারী | ০১ | ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | সরাসরিঃ (ক) সরকার স্বীকৃত কোন বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতাসম্পন্ন। |
| ১০ | স্টোর কিপার | ০১ | ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | সরাসরিঃ (ক) সরকার স্বীকৃত কোন বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতাসম্পন্ন। পদোন্নতির ক্ষেত্রেঃ সহকারী স্টোর কিপার পদে ৪ (চার) বৎসরের চাকরি। |
| ১১ | টেকনিশিয়ান (ইসিজি ল্যাব) | ০১ | ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | সরাসরি নিয়োগ যোগ্যতাঃ সরকার স্বীকৃত কোন বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন হাসপাতালে ইসিজি টেকনিশিয়ান হিসেবে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১২ | অডিও ভিজ্যুয়াল ইকুইপমেন্ট অপারেটর | ০১ | ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | সরাসরি নিয়োগ যোগ্যতাঃ সরকার স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ যন্ত্রপাতি চালনা ও রক্ষণাবেক্ষণের কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ১৩ | ইনস্ট্রুমেন্ট কেয়ার টেকার | ০২ | ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | সরাসরিঃ সরকার স্বীকৃত কোন বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৪ | রিসিপশনিষ্ট | ০১ | ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | সরাসরিঃ সরকার স্বীকৃত কোন বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৫ | কম্পিউটার অপারেটর | ০১ | ১১০০০-২৬৫৯০/- গ্রেড-১৩ | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিলের ক্রমিক-১৮ অনুযায়ী (প:প: ৮২)। |
| ১৬ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৩ | ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | সরাসরিঃ (ক) সরকার স্বীকৃত কোন বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতাসম্পন্ন। |

৭

| | | | | |
|----|--------------------------------------|----|--------------------------|--|
| ১৭ | স্টেরিলাইজার কাম মেকানিক | ০৪ | ৮৮০০-২১৩১০/- গ্রেড-১১ | সরাসরিঃ (ক) সরকার স্বীকৃত কোন বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল বিষয়ে ট্রেডকোর্স থাকতে হবে। |
| ১৮ | রেন্ট কালেক্টর | ০২ | ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | সরাসরিঃ (ক) সরকার স্বীকৃত কোন বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতাসম্পন্ন। |
| ১৯ | ডাটাএন্ট্রি অপারেটর | ০২ | ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | সরাসরিঃ (ক) সরকার স্বীকৃত কোন বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতাসম্পন্ন। |
| ২০ | রেকর্ড কিপার | ০১ | ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | সরাসরিঃ (ক) সরকার স্বীকৃত কোন বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতাসম্পন্ন। |
| ২১ | ডার্করুম এ্যাটেনডেন্ট | ০১ | ৮২৫০-২০০১০/- গ্রেড-২০ | সরাসরিঃ সরকার স্বীকৃত কোন বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পাশ। |
| ২২ | জেনারেটর অপারেটর/পাম্প অপারেটর | ০২ | ৮৫০০-২০৫৭০/- গ্রেড-১৯ | সরাসরিঃ সরকার স্বীকৃত কোন বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেডকোর্স সার্টিফিকেট। |
| ২৩ | ল্যাবরেটরী এটেনডেন্ট | ০৮ | ৮২৫০-২০০১০/- গ্রেড-২০ | সরাসরিঃ সরকার স্বীকৃত কোন বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পাশ। |
| | | ৪৬ | | |

৩। উপরের ছকের ৪ নং কলামে নির্ধারণকৃত বেতনস্কেল ৫নং কলামে প্রদর্শিত যোগ্যতা/অভিজ্ঞতা সাপেক্ষে কার্যকর হবে।

৪। এ পদ সৃষ্টিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০২.০৩.২০১৭ তারিখের ০৫.০০.০০০০.১৫৯.০০.১২৭.১৬-৪০ নং, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৮.১১.২০১৭ তারিখের ০৭.১৫৬.০১৫.৪৫.০০.২১.২০১৭-৫৫৩ নং স্মারকের সম্মতি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ১৭.১১.২০১৯ তারিখে অনুষ্ঠিত ১৬শ সভার সুপারিশসহ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

৫। বিদ্যমান টিওএন্ডই-তে নতুন সৃজিত পদ অন্তর্ভুক্ত করে অস্থায়ী হিসেবে চিহ্নিতপূর্বক টিওএন্ডই হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই-এর এক কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

৬। উল্লিখিত কর্মকর্তা/কর্মচারীদের যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কোড হতে মিটানো হবে।

স্বাঃ-

শামীমা নাসরীন
উপসচিব
ফোনঃ ৯৫৪৫১৩৪১

নং-৪৫.০০.০০০০.১৪৫.১৫.০০৮.১৬

তারিখঃ .০১.২০২০ খ্রিঃ

অনুলিপি ০৪ (চার) কপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যুগ্ম সচিব, ব্যয় ব্যবস্থাপনা-৬ অধিশাখা, অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয় এর নিকট প্রেরণ করা হলো। এর ১(এক) কপি পৃষ্ঠাংকনপূর্বক সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং ১(এক) কপি প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা ঢাকা এর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ-

শামীমা নাসরীন
উপসচিব

নং-০৭.১৫৬.০১৫.৪৫.০০.২১.২০১৭

তারিখ:

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা ঢাকা বরাবর প্রেরণ করা হলো। এ আদেশ জারীতে ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।


যুগ্মসচিব
ব্যয় ব্যবস্থাপনা-৬ অধিশাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০০.১৪৫.১৫.০০৮.১৬-০২(২/৬)

তারিখঃ ০২.০১.২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশা-১/বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টার, ঢাকা।
- ✓ ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পদ সৃজনের আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।


শামীমা নাসরিন
উপসচিব